


ঘূরতে গিয়ে ছিনতাইয়ের কবলে চবির ৫০ শিক্ষার্থী

চবি প্রতিনিধি ২৮ এপ্রিল ২০১৯ ০০:০০ | আপডেট: ২৮ এপ্রিল ২০১৯ ০৯:০৩



চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) অনুরে পাহাড়েরো চালন্দা গিরিপথে ঘূরতে গিয়ে ছিনতাইয়ের শিকার হয়েছেন বিশ্ববিদ্যালয়টির বিভিন্ন বিভাগের ৫০ শিক্ষার্থী।

গতকাল দুপুরে অন্তর্ধারী ছিনতাইকারীদের কবলে পড়ে নয়জন আহত হয়েছেন। এর মধ্যে রামদার আঘাতে গুরুতর আহত হওয়ায় চট্টগ্রাম মেডিক্যাল কলেজ (চমেক) হাসপাতালে ভর্তি করা হয়েছে ন্যূ-বিজ্ঞান বিভাগের মাস্টার্সের শিক্ষার্থী মো. আনোয়ার হোসেনকে। এ ঘটনায় আহত শিক্ষার্থীরা হলেন- ন্যূ-বিজ্ঞান বিভাগের চতুর্থ বর্ষের ছাত্র আল আমিন, তৃতীয় বর্ষের মো. মনির, দ্বিতীয় বর্ষের সৌরভ হোসেন, মো. হোসাইন রাকিব, তাবাসসুম তিশা, ফারিয়া উর্বি এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের দ্বিতীয় বর্ষের শাহরিয়ার শান্ত ও রাকিব হোসেন।

ভুক্তভোগী শিক্ষার্থীরা জানান, সকাল ১০টায় তারা কলা ঝুপড়ি থেকে গিরিপথের উদ্দেশে রওনা দেন। ছিনতাইকারীরা রাইফেলে কয়েক রাউন্ড গুলি ছুড়ে তাদের ধিরে ফেলে। এ সময় এক ছাত্র রাইফেল কেড়ে নেওয়ার চেষ্টা করলে ছিনতাইকারীরা তাকে বেদম মারধর করে। যারাই প্রতিরোধের চেষ্টা করেছে, তাদের সবাইকে তারা মারধর করেছে। এ সময় তারা ১৫ ছাত্রীর স্বর্ণালঙ্কার, অস্তত ২৫টি মোবাইল, হাতঘড়ি, নগদ প্রায় ২০ হাজার টাকা ও ব্যাগ ছিনিয়ে নেয় বলে দাবি করেন শিক্ষার্থীরা। চবি চিকিৎসাকেন্দ্রের দায়িত্বরত মেডিক্যাল কর্মকর্তা ডা. মোস্তফা কামাল হোসেন বলেন, গুরুতর অবস্থায় একজনকে চমেক হাসপাতালে পাঠানো হয়েছে। বাকিদের প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে।

চবি প্রষ্টের অধ্যাপক মোহাম্মদ আলী আজগর চৌধুরী বলেন, ছিনতাই এবং কয়েক ছাত্র আহতের খবর পেয়েছি। বিষয়টি পুলিশকে জানানো হয়েছে। জড়িতদের গ্রেঞ্জারে তারা অভিযান চালাবে।